



২১ নভেম্বর ২০১৬

প্রেস বিজ্ঞপ্তি

বরিশালে কিশোরী ছুরিকাহত হওয়ার ঘটনায় ব্লাস্ট গভীর উদ্বেগ ও তীব্র নিন্দা জানাচ্ছে  
এবং দোষী ব্যক্তির যথাযথ বিচার ও শাস্তি দাবী করছে

গত ২০ নভেম্বর ২০১৬ রোববার বরিশালে বখাটের ছুরির আঘাতে জনৈক কিশোরীর আহত হওয়ার ঘটনায়  
বাংলাদেশ লিগ্যাল এইড এন্ড সার্ভিসেস ট্রাস্ট (ব্লাস্ট) গভীর উদ্বেগ প্রকাশ করছে।

দৈনিক পত্রিকা, প্রচার মাধ্যম ও সামাজিক যোগাযোগ মাধ্যমে প্রকাশিত সংবাদ সূত্রে জানা যায়, গত ২০  
নভেম্বর ২০১৬ রোববার বিকেল বাড়ি ফেরার পথে বরিশালের রসুলপুর ব্রিজের কাছে মনির হোসেন  
নামের এক বখাটে বিয়ের প্রস্তাবে রাজি না হওয়ায় জনৈক কিশোরীকে ছুরি দিয়ে আঘাত করে। বর্তমানে  
সে আহত অবস্থায় শেরেবাংলা মেডিকেল হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় আছেন। ঘটনার পর মনির  
হোসেন গ্রেপ্তার করা হয় ও তাকে আসামি করে কিশোরীর মা বাদী হয়ে কোতোয়ালী থানায় মামলা  
করেন।

এভাবে কোনো নারীকে হত্যার উদ্দেশ্যে আক্রমণ, গুরুতর জখম, লাঞ্ছনা করা ও চলাফেরায় বাধাপ্রদান,  
নারীর মর্যাদা ও সম্মানহানি নারীর সাংবিধানিক অধিকারের লংঘন এবং দেশের প্রচলিত আইন অনুযায়ী  
শাস্তিযোগ্য অপরাধ। সাম্প্রতিক সময়ের সিলেট এমসি কলেজে চাপাতির আঘাতে আহত সিলেট সরকারি  
মহিলা কলেজের স্নাতক দ্বিতীয় বর্ষের ছাত্রী, উইলস লিটল ফ্লাওয়ার স্কুলের ছাত্রী, মাদারীপুরের  
কিশোরীসহ বিভিন্ন সহিংস ঘটনায় ব্লাস্ট উদ্বিগ্ন।

সকল নাগরিকদের নিরাপত্তা নিশ্চিত করা রাষ্ট্রের দায়িত্ব। ব্লাস্ট এসব ঘটনায় গভীর উদ্বেগ প্রকাশ করছে  
এবং ও সূষ্ঠ তদন্তসহ অভিযুক্ত ও দায়ী ব্যক্তির বিরুদ্ধে দ্রুত বিচার ও যথাযথ শাস্তি প্রদানের জোর দাবী  
জানাচ্ছে। পাশাপাশি ভবিষ্যতে এ ধরনের ঘটনা যেন আর না ঘটে সে বাপারে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের  
নিরাপত্তা নিশ্চিত করা, সঠিক মনিটরিং করা, জনমত গঠন এবং ২০১০ সালে যৌন হয়রানি সংক্রান্ত  
মহামান্য হাইকোর্টের রায় বাস্তবায়নের জন্য যথাযথ ব্যবস্থা গ্রহণের জোর দাবী জানাচ্ছে।

**বার্তা প্রেরক:**

মাহবুবা আক্তার

উপ-পরিচালক (এডভোকেসি এন্ড কমিউনিকেশন), ব্লাস্ট

মোবাইল নং: ০১৭৭৬০৬০১১৩

ইমেইল: [mahbuba@blast.org.bd](mailto:mahbuba@blast.org.bd)